উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার সেপ্টেম্বর/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ মিলনায়তন। |
| তারিখ ও সময় | ঃ ১৯-০৯-২০২২ খ্রিঃ, বেলা ১২:০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। নিম্নে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। সম্প্রতি উপজেলা পরিষদ সাধারণ সভার সদস্যবৃন্দ বিভিন্ন দাপ্তরিক কাজ থাকায় সভায় তাদের প্রতিনিধি প্রেরণ করেন। ফলে সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণে সমস্যা হচ্ছে। যুক্তিসঙ্গত কারণ ব্যাতীত পরবর্তী সভায় সকল সদস্যকে উপস্থিত থাকার বিষয়ে আলোচনা করা হয়। | যুক্তিসঙ্গত কারণ ব্যতীত উপজেলা পরিষদের সাধারণ সভার সকল সদস্যকে স্বয়ং উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। সভার হাজিরা রেজিস্ট্যার পর্যালোচনায় দেখা যায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ এই সভাসহ গত দুই সভায় অনুমতি ব্যতীত অনুপস্থিত ছিলেন।<br>১) জনাব নজরুল ইসলাম, সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক।<br>২) জনাব মো: আরিফুল ইসলাম, উপজেলা নির্বাচন অফিসার।<br>৩) জনাব মোহাম্মদ শেখ আহাম্মদ মজুমদার, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার।<br>৪) সহকারী পরিচালাক (সিপিপি)<br>পর পর তিন সভায় অনুপস্থিত সদস্যদের বিষয়ে তাদের উর্ধ্বতন কর্তৃপক্ষকে গোচরীভুত করা হবে। | সংশ্লিষ্ট সকল |
| ২। উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে ডেঙ্গু ও কনজাংটিভাইটিস প্রকোপ অনেক বেড়েছে এবং এ বিষয়ে সবাইকে সচেতন থাকতে বলেন। আগামী ২৮ সেপ্টেম্বর থেকে ৩ অক্টোবর পর্যন্ত কোভিড-১৯ গণটিকা কার্যক্রম চলবে এর পাশাপাশি ১১ অক্টোবর হতে ৫-১১ বছরের সকল শিশুকে কোভিড টিকা প্রদান কর্মসূচী চলমান থাকবে এ বিষয়ে জনপ্রতিনিধিসহ সকলের সহযোগিতা কামনা করেন। শিশুদের অনলাইন জন্মনিবন্ধনের জন্য প্রতিষ্ঠান/অভিভাবকদের উদ্বুদ্ধ করার জন্য অনুরোধ করেন। | কোভিড টিকা প্রদান কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২। সকল ইউপি চেয়ারম্যান |
| ৩। উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, কৃষি যন্ত্রপাতি সংরক্ষণের জন্য শেড নির্মাণে স্থান নির্বাচনের জন্য আলোচনা করা হয় এবং জায়গার পরিমান ১২০০ বর্গফুট। রামপুর ইউনিয়নে কৃষক সেবা কেন্দ্র নির্বাচনের জন্য প্রস্তবনা প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার। |
| ৪। উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৫। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরের ১ম পর্যায়ের টিআর/কাবিখা/কাবিটার তালিকা জেলা প্রশাসক, নোয়াখালী বরাবর পাঠানো হয়েছে। ২০২১-২২ | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| অর্থবছরে ব্রীজের কাজ চলমান আছে। বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাস এবং ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ কাজ চলমান রয়েছে। | | |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানায় তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ৭। উপজেলা সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ৮। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ৯। মৎস্য বিভাগ ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৭ থেকে ২৮ অক্টোবর/২২ পর্যন্ত মা ইলিশ সংরক্ষণে মোট ২২ দিন ইলিশ ধরা কার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত রয়েছে এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | মা ইলিশ সংরক্ষণে ইলিশ ধরা কার্যক্রম বন্ধ রাখার বিষয়ে যাবতীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত এবং বিভিন্ন ইউনিয়ন থেকে প্রাপ্ত জেলে কার্ডের আবেদন সমূহ যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ১০। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় কোম্পানীগঞ্জ উপজেলায় চলমান প্যাকেজ নং- PSWSC- 1105 কার্যাদেশ নং:- ১৬৯৪, তারিখ ঃ ১৯/০৯/২০২২ খ্রিঃ মোতাবেক ২০৮টি ( ১০৮টি হস্ত চালিত ৬ নং গভীর নলকূপ ও ১০০টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ) নলকূপের বরাদ্দ পাওয়া গিয়াছে। জনসাধারনের চাহিদার কথা বিবেচনা করে উক্ত প্যাকেজের বরাদ্দকৃত ১০৮টি হস্ত চালিত গভীর নলকূপ থেকে ৭০টি নলকূপকে সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপনের জন্য প্রস্তাব করেন। | ১০৮টি হস্ত চালিত ৬নং গভীর নলকূপ থেকে ৭০টি হস্ত চালিত গভীর নলকূপ কে সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপনের জন্য বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ |
| ১১। পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, |
| ১২। মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩। সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, সমবায় উন্নয়ন তহবিল ১৬১৯/- টাকা ব্যতিত শতভাগ আদায় হয়েছে। অডিট ফি শতভাগ আদায় হয়েছে। সমবায় সমিতির অডিট কার্যক্রম চলমান রয়েছে। সিডিউল অনুযায়ী সমবায় সমিতির নির্বাচনী কার্যক্রম ও বার্ষিক সাধারন সভা চলমান রয়েছে। বর্তমান মাসে দক্ষিণ চরএলাহী আশ্রয়ণ প্রকল্প থেকে ২৪০০/- টাকা এবং দক্ষিণ গাংচিল আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্প থেকে ১০০০/- টাকা আদায় করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সমবায় সমিতি নির্বাচন কার্যক্রম বিধি মোতাবেক এবং অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪। উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান ২২-২৩ অর্থবছরে ৪২০ জন যুব/যুব মহিলাকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ করা হবে যার ০১টি ব্যাচ প্রক্রিয়াধীন আছে। বর্তমান অর্থবছরে মোট ১২জনকে আত্মকর্মসংস্থান সৃজন করা হয়েছে। এছাড়া যুব ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। অন্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | প্রকৃত বেকার যুবক/যুব মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং ঋণ বিতরণ কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়া ও যথাসময়ে ঋণ আদায়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ |
| ১৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৬। বন বিভাগ ঃ রেঞ্জ অফিসার সভায় উপস্থিত জানান, সুফল প্রকল্পের আওতায় চরপার্বতী ইউনিয়নের ৫ ও ৬ নং ওয়ার্ডের ৪৫ কি:মি: (সুফল) বাগানের কাজ সম্পন্ন করা হয়েছে এছাড়া উপকূলীয় এলাকায় বনায়ন প্রকল্পের আওতায় চরপার্বতী ইউনিয়নে ৭ কি:মি: বাগানের কাজ সম্পন্ন করা হয়েছে এবং পরিচর্যার কাজ অব্যাহত আছে। বসতবাড়ী বনায়নের ১৮৬টি পরিবারে গাছ লাগানোর কাজ সম্পন্ন করা হয়েছে। তিনি সভায় আরো জানান, উপজেলা পরিষদের পুকুর পাড়ে ঝড়ে পড়া কিছু গাছ নিলামে বিক্রয়ের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | বিধি মোতাবেক এ সংক্রান্ত বিষয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ অফিসার, কোম্পানীগঞ্জ রেঞ্জ |
| ১৭। পরিসংখ্যান বিভাগ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৮। সহকারী প্রোগ্রামার ঃ উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, ওয়েব পোর্টাল, ই-নথি কার্যক্রম চলমান রয়েছে। শেখ রাসেল দিবস-২২ উপলক্ষে কুইজ প্রতিযোগিতা কার্যক্রম চলমান রয়েছে। EDC প্রকল্পের সকল কাজ প্রকল্প দপ্তরে | সরকারি দপ্তরসমূহে ই-নথি ব্যবহার, ওয়েব পোর্টাল নিয়মিতভাবে হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার |

| | | |
|---|---|---|
| নিয়মিতভাবে পাঠানো হচ্ছে। | | |
| ১৯। উপজেলা খাদ্য অফিস ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সরকারি বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২০। বিএডিসি (ক্ষুদ্র সেচ) ঃ উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় জানান যে, কৃষি কাজে ব্যবহারের জন্য ০২টি নলকূপ স্থাপনের আবেদন সরেজিমন তদন্তক্রমে প্রতিবেদন দাখিল করা হয়েছে। আবেদনকারী ০২জন কৃষকের অনুকূলে লাইসেন্স প্রদান করা যেতে পারে। | তদন্ত প্রতিবেদন অনুযায়ী কৃষি কাজে ব্যবহারের জন্য ০২জন আবেদনকারী জনাব মোহাম্মদ উল্যাহ ও মোহাম্মদ ইউসুফ এর অনুকূলে নলকূপ স্থাপনের নিমিত্ত লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) |
| ২১। শিক্ষা প্রকৌশল বিভাগ : উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় ২০২১-২২ অর্থবছরে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ এর নতুন ও উর্ধ্বমুখী সম্প্রারণের আওতায় বরাদ্দকৃত নিম্লোক্ত প্রতিষ্ঠানসমূহের তালিকা প্রদান করেন। ১। মুছাপুর উচ্চ বিদ্যালয় ২। জৈতুন নাহার কদের মহিলা কলেজর ৩। হাজারীহাট বি.এম কলেজ ৪। হাজারীহাট আলিম মাদ্রাসা ৫। রংমালা মহিলা দাখিল মাদ্রাসা ৬। সিরাজপুর এমদাদিয়া মাদ্রাসা ৭। আজগর আলী দাখিল মাদ্রাসা। | বরাদ্দকৃত প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম বিধি মোতাবেক সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| ২২। আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) : আবাসিক প্রকৌশলী (বিদুৎ) সভায় জানায় যে, বিভাগীয় কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | আবাসিক প্রকৌশলী (বিদুৎ) |
| ২৩। ডিজিএম (পল্লী বিদ্যুৎ) : ডিজিএম (পল্লী বিদুৎ) সভায় জানান যে, বর্তমানে বিদ্যুৎ পরিস্থিতি মোটামুটি সহনীয় পর্যায়ে আসছে। ৬০০০০ বিদ্যুৎ গ্রাহকদের কাছে প্রায় ৩.৫ কোটি টাকা বকেয়া রয়েছে যা আদায়ের কার্যক্রম চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম (পল্লী বিদুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২৪। তথ্য কেন্দ্র : তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, ডোর টু ডোর (প্রাথমিক স্বাস্থ্য সেবা, অনলাইন ভিত্তিক সেবা, ব্যবসা ও কৃষি বিষয়ক তথ্য সেবা, নারী নির্যাতন এবং বাল্যবিবাহ সম্পর্কে সচেতনতামূলক কার্যক্রম) চলমান আছে এবং ডাটা এন্ট্রির কাজ চলমান আছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র |
| ২৫। উপজেলা প্রকৌশলী: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন সহায়তা কাজের স্কীম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হইতে প্রাপ্ত স্কীম গুলোর যাচাই বাচাই কাজ চলিতেছে। এব্যাপারে সকল ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে সকল ইউনিয়ন পরিষদ বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় কাজ বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদ হইতে প্রাপ্ত স্কীক গুলো যাচাই বাচাইয়ের কাজ চলিতেছে। এব্যাপারে সকল ইউপি চেয়ারম্যানদেরকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার<br>খ) উপজেলা প্রকৌশলী |
| ২৬। চেয়ারম্যান, ২নং চরপার্বতী ইউপি জানান যে, তার ইউনিয়নে একটি বিদ্যুতের খুটি হেলে পড়ে যা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। চৌধুরীহাট বাজারে একটি ড্রেন নির্মান করলে জলাবদ্ধতা নিরসন হবে এবং নির্ধারিত তারিকে টিসিবির পন্য বিতরণের অনুরোধ জানান। | বৈদ্যুতিক খুটি মেরামতের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাজারে ড্রেন নির্মানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ডিজিএম, পল্লী বিদুৎ<br>২। চেয়ারম্যান, ২নং চরপার্বতী ইউপি |
| ২৭। চেয়ারম্যান, ৩নং চরহাজারী ইউপি জানান যে, চরহাজারী টু বসুরহাট সড়কের অবস্থা খুবই নাজুক, দ্রুত এটি সংস্কার করা প্রয়োজন। প্রকৃত জেলেদের মাঝে কার্ড বিতরণের অনুরোধ করেন। মুজিববর্ষে নির্মিত ২৮টি ঘরের মধ্যে ৮/১০ টি পরিবার থাকে এজন্য তিনি প্রকৃত গরিবদের মাঝে ঘর বিতরণের অনুরোধ করেন। এছাড়া ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | চরহাজারী টু বসুরহাট সড়কের সংস্কার কার্যক্রম গ্রহণ ও প্রকৃত উপকারভোগী নির্বাচনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, ৩নং চরহাজারী ইউপি |
| ২৮। চেয়ারম্যান, ৫নং চরফকিরা ইউপি জানান যে, ফায়েল খায়ের ফাউন্ডেশনের অর্থায়নে এলজিইডি এর সহযোগিতায় একটি শিক্ষা প্রতিষ্ঠান হয়েছে এই ভবনের ছাদ বেয়ে পানি পড়ে। | ভবনটি পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশল |
| ২৯। চেয়ারম্যন, ৬নং রামপুর ইউপি জানান যে, কিছুদিন আগে মাদক বিক্রির সময় একজন ব্যক্তিকে গ্রেফতার করা হয় এবং পরে তাকে ছেড়ে দেয়া হয় এ বিষয়ে জনসাধারনের মাঝে অসন্তোষ দেখা দিয়েছে। ৭নং ওয়ার্ডের কমিউনিটি ক্লিনিকটি সংস্কার করার বিষয়ে অনুরোধ জানান | মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইন-চার্জ, কোম্পানীগঞ্জ থানা<br>২। চেয়ারম্যন, ৬নং রামপুর ইউপি |
| ৩০। চেয়ারম্যান, ৮নং চরএলাহী ইউপি প্রতিনিধি জানান যে, চরএলাহী ইউনিয়ন প্রতিনিয়ত নদী ভাঙ্গনের সম্মুখীন হচ্ছে, ইতোমধ্যে চরএলাহী সরাকারি প্রাথমিক বিদ্যালয় ভেঙ্গে গেছে যা চরবালুয়াতে স্থানান্তর হলে শিক্ষা কার্যক্রম স্বাভাবিক থাকবে এবং ভাঙ্গন প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। তিনি ভূমিহীনদের জন্য বন্দোবস্ত কার্যক্রম চালুর অনুরোধ করেন। | চরবালুয়াতে স্থানান্তরের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ১। উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ২৬। উপজেলা পরিষদ বিবিধ :<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস | ক) চেয়ারম্যান, উপজেলা |

| | | |
|---|---|---|
| চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের আবাসিক কেয়াটারের বকেয়া বিদুৎবিল, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার এর মজুরী, পত্রিকার বিল ও উপজেলা পরিষদের সিড়ি ঘর সংস্কার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) চরহাজারী ইউনিয়নের আবু নাছের পৌর উচ্চ বিদ্যালয় সংলগ্ন স্মৃতি ডেকোরেটর ও সুবর্ণ স্টোর নামে ০২টি দোকান আগুনে পুড়ে যাওয়ায় তারা আর্থিক সহযোগিতার জন্য আবেদন করেন। তাদের ক্ষয়ক্ষতির বিষয়টি বিবেচনা করে তাদের প্রত্যেককে রাজস্ব তহবিল ৫০,০০০/- টাকা করে প্রদান করার বিষয় সভায় উপস্থাপন করা হয়।<br>(গ) ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের ভিজিটিং কার্ড, উপজেলা পরিষদের অফিস প্যাড (বড়/ছোট) ছাপানো বাবদ ১৮,৮০০/- টাকা এবং পরিষদের ২টি কাঠের ও ২টি স্টিলের আলমিরা মেরামত ও রংকরণ বাবদ মোট ২৫০০০/- টাকাসহ সর্বমোট (১৮৮০০+২৫০০০)=৪৩৮০০/- টাকার বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(ঘ) উপজেলা পরিষদের মালি পদে দৈনিক মজুরী ভিত্তিতে একজন মালি নিয়োগের বিষয়ে আলোচনা করা হয়। | ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের আবাসিক বকেয়া বিদ্যুৎ বিল, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার এর মজুরী, পত্রিকার বিল, উপজেলা পরিষদ ভবনের সিড়ি ঘরের সংস্কার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ক্ষয়ক্ষতির বিষয়টি বিবেচনা করে ০২ জন ব্যক্তিকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মোট ১,০০,০০০/- টাকা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের ভিজিটিং কার্ড, উপজেলা পরিষদের অফিস প্যাড (বড়/ছোট) ছাপানো বাবদ ১৮,৮০০/- টাকা এবং পরিষদের ২টি কাঠের ও ২টি স্টিলের আলমিরা মেরামত ও রংকরণ বাবদ মোট ২৫০০০/- টাকাসহ সর্বমোট (১৮৮০০+২৫০০০)=৪৩৮০০/- টাকা উপজেলা পরিশোধের তহবিল হতে খরচ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) সেপ্টেম্বর/২২ মাস হতে দৈনিক মজুরী ভিত্তিতে একজন মালি নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিষদ, কোম্পানীগঞ্জ<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ |

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা আইন শৃঙ্খলা কমিটি ও উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ শাহাব উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ,নোয়াখালী।

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২২-১৫৭৭

তারিখ ঃ ০৬ অক্টোবর ২০২২

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]

০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।

০৭। উপজেলা ........................................................ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

০৮। চেয়ারম্যান, ............................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

মোঃ মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন ঃ ০২৩৩৪৪৯৪২০৪
E-mail: unocompaniganjnoakhali@mopa.gov.bd